

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪

করবুক, ৫ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪  
করবুকে অ্যাডিশনাল পোলিং অফিসারদের মহড়া অনুষ্ঠিত

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের অন্তর্গত করবুক মহকুমার ৪৩-করবুক (এসটি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে নির্বাচনের কাজে অ্যাডিশনাল পোলিং অফিসার হিসেবে নিযুক্ত ভোটকর্মীদের নিয়ে আজ নির্বাচনী মহড়া অনুষ্ঠিত হয়। করবুক মহকুমা শাসকের কনফারেন্স হলে আয়োজিত এই মহড়ায় উপস্থিত ছিলেন সহকারি রিটার্নিং অফিসার তথা করবুক মহকুমার মহকুমা শাসক পার্থ দাস, ডিসিএম ভিস্ট্র দেববর্মা, ডিসিএম ফ্লোরেন্স চাকমা। এই মহড়ায় ৫২ জন অ্যাডিশনাল পোলিং অফিসার হিসেবে নিযুক্ত ভোটকর্মীগণ অংশগ্রহণ করেন। এই মহড়ায় প্রশিক্ষণ দেন ডিস্ট্রিক্ট লেভেল মাস্টার ট্রেনার দুঅং মগ, অজয় সাহা, পার্থ দেববর্মা ও সুমল কল্যাণ ভৌমিক।

\*\*\*\*\*